প্রফেসর ড. সুলায়মান আর-রুহাইলী

# যুবসমাজের অধঃপতন

## কারণ ও প্রতিকার



# যুবসমাজের অধঃপতন

## কারণ ও প্রতিকার

মূল : প্রফেসর ড. সুলায়মান আর-রুহাইলী
অনুবাদ : মুহাম্মাদ আব্দুল মালেক

হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ

# যুবসমাজের অধঃপতন : কারণ ও প্রতিকার

**মূল (আরবী) : প্রফেসর ড. সুলায়মান আর-রুহাইলী**

অনুবাদ : মুহাম্মাদ আব্দুল মালেক

**انحراف الشباب أسبابه ووسائل علاجه**

**تأليف** : الأستاذ الدكتور/ سليمان الرحيلي

**ترجمة** : محمد عبد المالك

**الناشر**: حديث فاؤنديشن بنغلاديش

(مؤسسة الحديث بنغلاديش للطباعة و النشر)

**প্রকাশক**

হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ

নওদাপাড়া (আম চত্বর), রাজশাহী-৬২০৩

হা.ফা.বা. প্রকাশনা-১৪০

ফোন : ০২৪৭-৮৬০৮৬১

মোবাইল : ০১৭৭০-৮০০৯০০

E-mail : tahreek@ymail.com

www.hadeethfoundationbd.com

**১ম প্রকাশ**

মুহাররম ১৪৪৪ হি./ভাদ্র ১৪২৯ বা./আগস্ট ২০২২ খৃ.

॥ সর্বস্বত্ব প্রকাশকের ॥

**মুদ্রণ**

হাদীছ ফাউণ্ডেশন প্রেস, নওদাপাড়া, রাজশাহী

**নির্ধারিত মূল্য**

৫০ (পঞ্চাশ) টাকা মাত্র

# সূচীপত্র


**প্রকাশকের নিবেদন** ০৫

**লেখক পরিচিতি** ০৭

**ভূমিকা** ০৯

- দ্বীনী মজলিসে অংশগ্রহণের গুরুত্ব ০৯
- ছিরাতুল মুস্তাক্বীম পরিচিতি ও তার উপর দৃঢ় থাকার উপায় ১৪
- বিপথগামিতার স্বরূপ ১৮
- ইসলামে যুবসমাজের গুরুত্ব ১৯
- বিপথগামী যুবকদের প্রকৃতি ২১

**যুবসমাজের অধঃপতন : কারণ ও প্রতিকার** ২৫

- কুরআন বর্জন ২৫
- রাসূলুল্লাহ (ছাঃ)-এর সুন্নাহ থেকে দূরে সরে যাওয়া ২৬
- সালাফে ছালেহীনের বুঝ অনুযায়ী কুরআন-সুন্নাহ না বুঝা ২৯
- বিদ্যমান শারঈ জামা'আত থেকে বিচ্ছিন্ন থাকা ৩৩
- হকপন্থী আলেমদের অবজ্ঞা করা ৩৬
- অবসর ও সময়ের সদ্ব্যবহার না করা ৩৯
- অসৎ সঙ্গ ৪০
- গণমাধ্যম ও ইন্টারনেট আসক্তি ৪৩
- সংখ্যাগরিষ্ঠ খারাপ লোকের অনুসরণ ৪৭
- আবেগতাড়িত হওয়া ৪৯
- চটকদার শব্দের মাধ্যমে প্রতারিত হওয়া ৫০
- ধীর-স্থিরতা অবলম্বন না করা ৫২
- ফেৎনা-ফাসাদে জড়িয়ে পড়া ৫৩
- পাপ, উদ্বিগ্নতা ও কুচিন্তা ৫৬

**উপসংহার** ৫৮

রাসূলুল্লাহ (ছাঃ) বলেন,

**اغْتَنِمْ خَمْسًا قَبْلَ خَمْسٍ، شَبَابَكَ قَبْلَ هَرَمِكَ، وَصِحَّتَكَ قَبْلَ سَقَمِكَ، وَغِنَاكَ قَبْلَ فَقْرِكَ، وَفَرَاغَكَ قَبْلَ شُغُلُكَ، وَحَيَاتَكَ قَبْلَ مَوْتِكَ-**

‘তুমি পাঁচটি অবস্থার পূর্বে পাঁচটি অবস্থাকে মূল্যবান গণ্য করবে। তোমার বার্ধক্যের আগে তোমার যৌবনকে, তোমার অসুস্থতার আগে তোমার সুস্থতাকে, তোমার দারিদ্র্যের আগে তোমার ধনাঢ্যতাকে, তোমার ব্যস্ততার আগে তোমার অবসরকে এবং তোমার মৃত্যুর আগে তোমার জীবনকে’।

*-হাকেম হা/৭৮৪৬; ছহীহুল জামে‘ হা/১০৭৭।*

# প্রকাশকের নিবেদন

মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়ের শরী'আহ অনুষদভুক্ত উছূলে ফিক্বহ বিভাগের শিক্ষক এবং মসজিদে ক্বোবার সম্মানিত ইমাম ও খত্বীব প্রফেসর ড. সুলায়মান আর-রুহাইলী (জন্ম ১৯৬৬) আধুনিক মুসলিম বিশ্বের একজন খ্যাতিমান সালাফী বিদ্বান। তিনি একাধারে বিশিষ্ট দাঈ, লেখক, গবেষক ও ধর্মতাত্ত্বিক। বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার পাশাপাশি শরী'আতের বিভিন্ন বিষয়ে তিনি বহু মূল্যবান বক্তব্য পেশ করেছেন। তন্মধ্যে 'ইনহিরাফুশ শাবাব : আসবাবুহূ ওয়া ওয়াসাইলু ইলাজিহী' (انحراف الشباب أسبابه وعلاجه) শিরোনামে মদীনার ক্বোবা সমজিদে প্রদত্ত ভাষণটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও জীবনঘনিষ্ঠ।

সমসাময়িক প্রেক্ষাপটে এর গুরুত্ব বিবেচনায় বক্তব্যটির বঙ্গানুবাদ প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয় এবং মাসিক **'আত-তাহরীক'**-য়ে তা ধারাবাহিকভাবে *(জুন-আগস্ট ২০২২ খৃ.)* প্রকাশিত হয়। গুরুত্বপূর্ণ এ পুস্তকে সম্মানিত লেখক ছিরাতুল মুস্তাক্বীমের উপর অবিচল থাকার উপায়, ইসলামে যুবসমাজের গুরুত্ব, মুসলিম যুবসমাজের বিপথগামিতার স্বরূপ : কারণ ও প্রতিকার প্রভৃতি গুরুত্বপূর্ণ শিরোনামে অত্যন্ত দরদমাখা ভাষায় আলোচনা করেছেন। যুবসমাজকে বিচ্যুতি ও অবক্ষয়ের চোরাগলি থেকে সঠিক পথে ফিরিয়ে নিয়ে আসার জন্য তাঁর পেশকৃত সমাধানগুলো খুবই বাস্তবভিত্তিক এবং ফলপ্রসূ।

জনাব মুহাম্মাদ আব্দুল মালেক (ঝিনাইদহ) বইটি সুন্দরভাবে অনুবাদ করে আমাদের কৃতজ্ঞতাভাজন হয়েছেন। 'হাদীছ ফাউণ্ডেশন' গবেষণা বিভাগের দায়িত্বশীলগণ যথেষ্ট যত্নের সাথে এর সম্পাদনা ও পরিমার্জনার কাজটি করে দিয়েছেন। আমাদের একান্ত বিশ্বাস বইটি তরুণসমাজের কাছে যথেষ্ট গ্রহণযোগ্যতা পাবে।

বইটি পাঠের মাধ্যমে যদি মুসলিম উম্মাহ্র সবচেয়ে গতিশীল ও আলোকিত অংশ তথা যুবসমাজের হৃদয়গহীনে আত্মোপলব্ধি জাগ্রত হয় এবং তারা নিজেদের বিচ্যুতি ও অধঃপতনের কারণগুলো সম্পর্কে সম্যক অবগতি লাভ করে ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণ করতে পারে, তবেই আমাদের শ্রম সার্থক হবে বলে মনে করি। আল্লাহ আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টাটুকু কবুল করুন এবং এর সাথে সংশ্লিষ্ট সকলকে উত্তম জাযা প্রদান করুন- আমীন!

*-প্রকাশক*

# যুবসমাজের অধঃপতন : কারণ ও প্রতিকার

সম্মানিত ভাইয়েরা! অধঃপতনের নানাবিধ কারণ যেমন রয়েছে, তেমনি তার ক্ষেত্র প্রস্তুতেরও বহু ব্যবস্থা রয়েছে। তার এমন সব রাস্তা রয়েছে যা গোড়াতেই খুব চাকচিক্যময়। ক্ষীণদৃষ্টির লোকেদের তা দেখে প্রথম চোটেই ধোঁকায় পড়ার আশঙ্কা রয়ে যায়। যে বা যারা ঐ রাস্তা ধরে চলবে বিচ্যুতির ছোঁয়া তার বা তাদের আংশিক হ'লেও লাগবে।

## ১. কুরআন বর্জন

ভাইয়েরা আমার! কুরআন বর্জন যুবসমাজের অধঃপতনের অন্যতম প্রধান কারণ। এটি অধঃপতনের সবচেয়ে মারাত্মক কারণ। কেননা কুরআন বর্জন ক্ষতিগ্রস্ত হওয়ার পথ। আফসোস! আমাদের যুবসমাজের অধিকাংশ এমনকি অধিকাংশ মুসলিম আজ অল্প-স্বল্প ব্যতীত কুরআন পড়ে না। যারা একটু-আধটু পড়ে তারাও ভেবে-চিন্তে পড়ে না এবং তার নির্দেশিত পথ মেনে চলার জন্য দৃঢ় সংকল্প গ্রহণ করে না। ভাইয়েরা, কুরআন বর্জনের কতিপয় ধরন রয়েছে, যেমনটা আল্লামা ইবনুল ক্বাইয়িম (রহঃ) বলেছেন।-

**(১)** নিজে কুরআন তেলাওয়াত বর্জন করা এবং কেউ কুরআন তেলাওয়াত করলে মনোযোগ সহকারে তা শ্রবণ না করা।

**(২)** কুরআন পড়লেও এবং তার উপর ঈমান রাখার দাবী করলেও কুরআন অনুযায়ী আমল না করা এবং কুরআনে ঘোষিত হালাল ও হারাম মেনে না চলা।

**(৩)** দ্বীনের মৌলিক ও শাখা-প্রশাখাগত বিষয়ের মীমাংসায় কুরআনের কাছে বিচার প্রার্থনা পরিহার করা।

**(৪)** কুরআন অনুধাবন এবং কুরআন নিয়ে চিন্তা-গবেষণা না করা। কুরআনের মালিক আল্লাহ তা'আলা কুরআন থেকে কি ইচ্ছা পোষণ করেছেন তা জানার চেষ্টা না করা।

**(৫)** আত্মার সকল রোগ-ব্যাধির চিকিৎসায় কুরআনকে মোটেও কাজে না লাগানো এবং আল্লাহ্র দেওয়া আত্মিক চিকিৎসা বাদ দিয়ে অন্যদের চিকিৎসার শরণাপন্ন হওয়া।

এগুলোর সবই রাসূল (ছাঃ) কর্তৃক তাঁর প্রভুর সমীপে কৃত অভিযোগের অন্তর্ভুক্ত। আল্লাহ বলেন, وَقَالَ الرَّسُولُ يَارَبِّ إِنَّ قَوْمِي اتَّخَذُوا هَذَا الْقُرْآنَ مَهْجُورًا 'সেদিন রাসূল বলবেন, হে আমার প্রতিপালক! নিশ্চয়ই আমার উম্মত এই কুরআনকে পরিত্যাজ্য গণ্য করেছিল' *(ফুরক্বান ২৫/৩০)*।

বড় কষ্ট লাগে, বড় দুঃখ লাগে যখন দেখি, কুরআনকে বাদ দিয়ে মুসলিমরা আজ কুরআন বিরোধী আধুনিক নানা বিষয় নিয়ে মেতে আছে। হ'তে পারে আল্লাহ্র নৈকট্য লাভের ক্ষেত্রে কোন বিষয়ে তাদের মনে সন্দেহ দানা বাঁধার ফলে এমন হয়েছে, অথবা কুপ্রবৃত্তির তাড়নায় তারা কুরআন বিরোধী বিষয় বেছে নিয়েছে। তারা আজ গান শোনে, গানের আড্ডায় হুমড়ি খেয়ে পড়ে, কুরআনের মোকাবেলায় মানব রচিত বই-পুস্তককে প্রাধান্য দেয়, মানুষের বক্তৃতা-ভাষণ শোনে, মানুষের রচিত কবিতা আবৃত্তি করে, মানুষের সুর দেওয়া গান গায়, কিন্তু কুরআন পড়া ও শোনার কথা তারা মোটেও মনে করে না। কুরআনের সঙ্গে যারা এমন আচরণ করবে স্বাভাবিকভাবেই কুরআনের সঙ্গে তাদের দূরত্ব তৈরি হবে, তাদের জীবনে দুঃখ-কষ্ট বাড়বে, বিপদাপদও বড় হয়ে দেখা দিবে।

## ২. রাসূলুল্লাহ (ছাঃ)-এর সুন্নাহ থেকে দূরে সরে যাওয়া

প্রিয় ভ্রাতৃমণ্ডলী! একইভাবে প্রিয় নবী (ছাঃ)-এর সুন্নাহ থেকে দূরে সরে যাওয়াও আমাদের যুবসমাজের অধঃপতনের অন্যতম বড় কারণ। মহান আল্লাহ বলেন, وَمَنْ يُشَاقِقِ الرَّسُولَ مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُ الْهُدَى وَيَتَّبِعْ غَيْرَ سَبِيلِ الْمُؤْمِنِينَ نُوَلِّهِ مَا تَوَلَّى وَنُصْلِهِ جَهَنَّمَ وَسَاءَتْ مَصِيرًا 'সুপথ স্পষ্ট হওয়ার পর যে ব্যক্তি রাসূলের বিরোধিতা করে এবং মুমিনদের বিপরীত পথে চলে, আমরা তাকে ঐদিকেই ফিরিয়ে দেই যেদিকে সে যেতে চায়

হে আল্লাহ্‌র বান্দা! তুমি এমন মুমিনকে দেখে অবাক হবে, যে আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই এবং মুহাম্মাদ আল্লাহ্‌র রাসূল বলে সাক্ষ্য দেয়, ইসলামের রুকনসমূহের হেফাযত করে এবং ভালো ভালো কাজে দৃশ্যত অগ্রণী থাকে সেই কি-না যখন রাসূলুল্লাহ (ছাঃ)-এর উপদেশ শুনতে পায়, আর তার মোকাবেলায় জনগণের শাসক কিংবা শায়খের কোন উপদেশ সামনে পায় তখন সে অবলীলায় নবী মুছত্বফা (ছাঃ)-এর উপদেশ পিছনে ছুঁড়ে ফেলে এবং ঐ শাসক কিংবা শায়খের উপদেশ কবুল করে নেয়। অথচ নবী করীম (ছাঃ) প্রবৃত্তির চাহিদা মতো কোন কথা বলেননি, যা বলেছেন তা অহি-র ভিত্তিতে বলেছেন। তিনি মানব জাতির জন্য রহমত, সৎপথের দিশারী এবং মুমিনদের প্রতি সদয়। তা সত্ত্বেও নবী মুছত্বফা (ছাঃ)-এর উপদেশ ত্যাগ করে সে একজন সাধারণ মানুষের উপদেশ গ্রহণ করে, তাকেই সে দামী ভাবে।

ভাইয়েরা আমার! এমন অবস্থার প্রতিকার হিসাবে লোকেদের রাসূলুল্লাহ (ছাঃ)-এর উপদেশ অনুযায়ী আমলে আগ্রহী করে তুলতে হবে। যুবকরা যাতে জামা'আতের সাথে সম্পর্ক জোরদার করে মুমিনরা সেদিকে তৎপর হবে। বিদ্যমান শারঈ জামা'আত থেকে যেসব কারণে তারা ছিঁটকে পড়ে সেসব কারণের বিরুদ্ধে মুমিনদের সংগ্রাম চালিয়ে যেতে হবে। এটাই হ'ল অবিচলতার ও স্থিরতার পথ। এটাই বিচ্যুতি ও অনুশোচনার হাত থেকে বাঁচার পথ।

## ৫. হকপন্থী আলেমদের অবজ্ঞা করা

আলেমদের অবজ্ঞা করা অধঃপতনের আরেকটি কারণ। এটা এতটাই জঘন্য যে, এজন্য আমাদের অশ্রুপাত করা উচিত। এটা খোদ অধঃপতন এবং অধঃপতনের কারণও বটে। অনেক যুবককে দেখা যায় তারা সুন্নাহ্‌র অনুসারী আলেমদের অসম্মান করে।

ওলামায়ে রব্বানী, যারা কিনা কুরআন ও সুন্নাহ মোতাবেক মযবূতভাবে আমল করে, যুবকরা তাদের সম্মানহানি করে। যে ওলামায়ে রব্বানীরা শরী'আতের মূল উৎস থেকে শারঈ বিদ্যা অর্জন এবং অন্যদের শিখাতে তাদের জীবন পার করেন, যুবকরা তাদের ঘৃণার চোখে দেখে। যে

বুঝের বার্তা আজ আমাদের নিকট তুলে ধরেছেন, তারা হ'লেন সেই সকল আলেম যারা সুন্নাহ্‌র জ্ঞানে সুপরিচিত, জ্ঞান-গরিমা ও দূরদৃষ্টিতে সুপ্রসিদ্ধ।

হে আমাদের প্রিয় শিক্ষার্থীগণ! আমাদের দায়িত্ব হবে নিজেদের বিচার করা এবং আমাদের মাঝে অধঃপতন ও বিচ্যুতির যেসব কারণ রয়েছে তার চিকিৎসা ও প্রতিকারে এগিয়ে আসা। আমাদের যুবসমাজ যেন আল্লাহকে ভয় করে চলে এবং অধঃপতনজাত কোন কাজের মজায় যেন তারা বিভোর হয়ে না থাকে। কেননা অধঃপতনের শুরুতে মজা মিললেও তার শেষ পরিণতি দুনিয়া ও আখেরাত উভয় স্থানেই অত্যন্ত ভয়াবহ। সুতরাং ভাইয়েরা আমার, আসুন, আমরা আল্লাহকে ভয় করি। তার সুন্দর ও মহতী নাম ধরে তার নিকট এই আবেদন-নিবেদন করি, তিনি যেন পথহারা মুসলিমদের পথের দিশা দান করেন।

হে আল্লাহ! তুমি পথহারা মুসলিমদের পথের দিশা দাও, আমাদেরকে সঠিক পথের অগ্রপথিক করো এবং সঠিক পথপ্রাপ্তদের মধ্যে শামিল করো।

হে আল্লাহ! তুমি আমাদেরকে সঠিক পথ দান করো এবং আমাদের মাধ্যমে অন্যদের সঠিক পথ দান করো। হে আল্লাহ! হে আমাদের প্রভু, তুমি এই উম্মতের জন্য সঠিক কাজ, সঠিক পথ ও তাক্বওয়া লাভ সহজ করে দাও; হে সকল সৃষ্টির প্রতিপালক।

হে আল্লাহ! হে আমাদের প্রভু! আমরা তোমার কাছে এই মিনতি করছি যে, তুমি সকল মুসলিমের অন্তরকে হেদায়াত ও দ্বীন ইসলামের উপর একাট্টা করে দাও; হে সকল সৃষ্টির প্রতিপালক আল্লাহ! উম্মাহ্‌র মাঝে বিচ্ছিন্নতা ও বিরোধের যত কারণ আছে তা তুমি দূর করে দাও। হে আল্লাহ! উম্মাহ্‌র মাঝে বিচ্ছিন্নতা ও বিরোধের যত কারণ আছে তা তুমি দূর করে দাও। হে সকল সৃষ্টির প্রতিপালক! তুমি আমাদেরকে সুন্নাহ্‌র অনুসারী হিসাবে বাঁচিয়ে রাখো, সুন্নাহ্‌র অনুসারী হিসাবে মরণ দিও এবং সুন্নাহ্‌র উপরে হাশরে উঠায়ো! হে আল্লাহ! হে আমাদের প্রভু! আমাদের তুমি সামর্থ্য দাও তোমার নবী করীম (ছাঃ)-কে ভালবাসার; তোমার নবী

## হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ-এর লক্ষ্য ও উদ্দেশ্য

- মুহাদ্দেছীনের মাসলাক অনুসরণে কুরআন ও হাদীছের সঠীক অনুবাদ ও ব্যাখ্যা প্রকাশ।
- দৈনন্দিন মাসায়েল ও ব্যবহারবিধির উপরে খণ্ডাকারে পুস্তিকা প্রকাশ।
- আক্বীদা ও আমল বিষয়ক বিভিন্ন মৌলিক গ্রন্থ প্রকাশ ও অন্যান্য যরূরী পুস্তকের অনুবাদ প্রকাশ।


হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ
www.hadeethfoundationbd.com